# সুনান আত তিরমিজী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ২২৮৭

৩২/ স্বপ্ন ও তার তাৎপর্য (كتاب الرؤيا عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ ১০. স্বপ্নে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের দাড়িপাল্লা ও বালতি দর্শন

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ بَشَّارٍ، حَدَّثَنَا الأَنْصَارِيُّ، حَدَّثَنَا أَشْعَثُ، عَنِ الْحَسَنِ، عَنْ أَبِي بَكْرَةَ، أَنَّ النَّبِيَّ صلى الله عليه وسلم قَالَ ذَاتَ يَوْمٍ " مَنْ رَأَى مِنْكُمْ رُؤْيَا " . فَقَالَ رَجُلٌ أَنَا رَأَيْتُ كَأَنَّ مِيزَانًا نَزَلَ مِنَ السَّمَاءِ فَوُزِنْتَ أَنْتَ وَأَبُو بَكْرٍ فَرَجَحْتَ أَنْتَ بِأَبِي بَكْرٍ وَوُزِنَ أَبُو بَكْرٍ وَعُمَرُ فَرَجَحَ أَبُو بَكْرٍ وَوُزِنَ عُمَرُ وَعُثْمَانُ فَرَجَحَ عُمَرُ ثُمَّ رُفِعَ الْمِيزَانُ . فَرَأَيْنَا الْكَرَاهِيَةَ فِي وَجْهِ رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ .

বাংলা

২২৮৭। আবূ বকরা (রাঃ) হতে বর্ণিত আছে, কোন একদিন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম প্রশ্ন করলেন, তোমাদের মধ্যে কে স্বপ্ন দেখেছে? জনৈক ব্যক্তি বলল, আমি স্বপ্নে দেখি যে, আকাশ হতে একটি দাড়িপাল্লা নেমে এলো। তারপর আপনাকে ও আবূ বকরকে ওজন করা হলো। আবূ বকরের চেয়ে আপনার ওজন ভারী হলো। তারপর আবূ বকর ও উমারকে ওজন দেয়া হলো এবং তাতে আবূ বকরের ওজন বেশি হলো। তারপর উমার ও উসমানকে ওজন দেয়া হলো এবং তাতে উমারের ওজন বেশি হলো। তারপর দাড়িপাল্লা উঠিয়ে নেয়া হলো। এমন সময় আমরা রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের চেহারায় অসন্তুষ্টির ভাব লক্ষ্য করলাম।

সহীহ, মিশকাত, তাহকীক ছানী (৬০৬৬)।

আবূ ঈসা বলেন, এ হাদীসটি হাসান সহীহ।

## English

Abu Bakrah narrated:
"One day the Prophet (s.a.w) said: "'Who among you had a dream?' A man said: "I did. I saw as if a scale had descended from the Heavens in which you and Abu Bakr were weighed So you outweighed Abu Bakr. Abu Bkar and 'Umar were weighed, and Abu Bakr outweighed ('Umar). 'Umar and 'Uthman were weighed and 'Umar outweighed ('Uthman). Then the scale was raised

up.' Then I saw dislike in the the face of Messenger of Allah (s.a.w)."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হুসাইন আল-মাদানী  বর্ণনাকারীঃ আবূ বাকরা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=40970

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন